
 NUR GROUP Commitment & Consistency	Document Code: - RKCL/MR/01/003		
	Title: - Water Pollution & Prevent waste Policy		
	Effective Date:01/10/2019	Revision Status: - 00	Page 1 of 2

Raiyan Knit Composite Ltd./ Tillottama Fashions Ltd. রাইয়ান নীট কম্পোজিট লিঃ/ তিলোত্তমা ফ্যাশনস লিঃ হরতকীতলা, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর।	নীতিমালার নামঃ পানি দূষণ ও অপচয় রোধ সংক্রান্ত নীতিমালা
	কার্যকর করণের তারিখঃ ০১/০১/২০২০ ইং।
	পূরণায় নবায়নের তারিখঃ ০১/০১/২০২১ ইং।
এই নীতিমালা কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তি	জি,এম (প্রশাসন, এইচআর, কমপ্লায়েন্স), ওয়েলফেয়ার অফিসার, কমপ্লায়েন্স অফিসার, মেডিকেল বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

ভূমিকাঃ রাইয়ান নীট কম্পোজিট লিঃ ও তিলোত্তমা ফ্যাশনস লিঃ একটি ১০০% রপ্তানীমুখী পোষাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। রাইয়ান নীট কম্পোজিট লিঃ ও তিলোত্তমা ফ্যাশনস লিঃ কর্তৃপক্ষ সব সময় পরিবেশের ভারসাম্য বজায় রেখে কাজ করতে অঙ্গীকারবদ্ধ। তাই রাইয়ান নীট কম্পোজিট লিঃ ও তিলোত্তমা ফ্যাশনস লিঃ পানি দূষণ ও অপচয় রোধ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করেছে। কর্মীদের নিরাপত্তা ও কাজের পরিবেশ সৃষ্টি করাই এই নীতিমালার উদ্দেশ্য।

- ☞ নিজস্ব ওয়াটার ট্রিটমেন্ট পণ্ড্যান্টের পানি বছরে ০১(এক) বার বুয়েট (BUET) এ প্রেরণ করে পানির বিশুদ্ধতা যাচাই করতে হবে এবং তার ফলাফল রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। এ ছাড়া রেজিস্টারের সকল উপাত্ত পরিবেশ অধিদপ্তর চাহিবামাত্র উপস্থাপনের জন্য প্রস্তুত রাখতে হইবে।
- ☞ সকল কারখানার পার্শ্ব বর্জ্য পানি পরিশোধনের জন্য পানি পরিশোধনাগার থাকতে হবে। পৃথক পরিশোধনাগার ব্যবস্থা না করা গেলে কেন্দ্রীয়ভাবে তা নির্মান ও নিয়ন্ত্রন করা যেতে পারে।
- ☞ কারখানা এলাকায় উক্ত পানি শোধনাগারটি সার্বক্ষনিক কার্যক্ষম থাকার নিশ্চয়তা বিধান করতে হবে।
- ☞ যথাযথ পরিশোধন ব্যতীত কোন প্রকার পানি/তরল/বর্জ্য পদার্থ নদীতে ফেলা যাবে না।
- ☞ এলাকার আবাসিক বা গৃহস্থালি কার্যে ব্যবহৃত পানি যেন নদীতে যেতে না পারে এবং উহার পরিশোধন করা হয় তার নিশ্চয়তা বিধান আবশ্যিক।
- ☞ কারখানা এলাকায় কর্মরত সকল কর্মকর্তা বা কর্মচারীদেরকে সার্বক্ষনিকভাবে সুপেয় পানির ব্যবস্থা করা হবে এবং তা সুপেয় পানির পরিশোধনাগার হতে সরবরাহ করা হবে।
- ☞ অত্র কারখানা এলাকায় কর্মরত প্রধান চিকিৎসক প্রতিদিন পানি পরিশোধনাগার হতে সরবরাহকৃত পানযোগ্য পানির বিশুদ্ধতা পরীক্ষা করবেন এবং কোন সমস্যা হলে তৎক্ষনাৎ ম্যানেজার (এডমিন এন্ড কমপ্লায়েন্স)-কে অবহিত করবেন।
- ☞ দায়িত্বপ্রাপ্ত প্রধান চিকিৎসক প্রতিমাসে বিতরনকৃত পানযোগ্য পানির নমুনা স্থানীয় থানা স্বাস্থ্য কেন্দ্র হতে পরীক্ষার ব্যবস্থা করবেন। পানিতে কখনো আর্সেনিকের উপস্থিতি প্রমানিত হলে উহা অতি সত্বর পরিচালককে অবহিত করতে হবে।
- ☞ কখনো স্থানীয় জনসাধারণ বা সরকারী কর্তৃপক্ষ হতে অত্র কোম্পানীর বিরুদ্ধে পানি দূষণের অভিযোগ উত্থাপিত হলে পরিচালক তা দ্রুত রোধ করার ব্যবস্থা করবেন এবং পরবর্তীতে একটি তদন্ত পর্ষদ গঠনের মাধ্যমে উহার সঠিকতা, কারণ ও প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ☞ বিশুদ্ধ পানি পান করতে হবে এবং পানি যেখানে সেখানে ফেলা যাবে না। গ্লাস বা প্লেট ধোয়ার জন্য অতিরিক্ত পানি নষ্ট করা যাবে না। পানির টেপ অবশ্যই বন্ধ রাখতে হবে।

 NUR GROUP Commitment & Consistency	Document Code: - RKCL/MR/01/003		
	Title: - Water Pollution & Prevent waste Policy		
	Effective Date:01/10/2019	Revision Status: - 00	Page 2 of 2

- ☞ বাথরুম বা টয়লেটের পানির কলগুলো ব্যবহারের পর অবশ্যই বন্ধ করে দিতে হবে এবং কোথাও পানির পাইপে লিকেজ হলে তা কর্তৃপক্ষকে জানাতে হবে।
- ☞ হাত ধোয়ার বেসিনে এবং ডাইনিং হলে ব্যবহারের পর অবশ্যই পানির কল বন্ধ করে দিতে হবে।
- ☞ কারখানায় দৈনিক পানির চাহিদা যেমন - স্যানিটেশন ও উৎপাদনে কি পরিমাণ পানির প্রয়োজন তা নির্ধারণ করতে হবে।
- ☞ দৈনিক চাহিদা মেটাতে প্রয়োজনীয় সংখ্যক গভীর নলকূপ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে স্থাপন করতে হবে এবং স্বাভাবিক ও জরুরী কাজে ব্যবহারের জন্য পানি ধরে রাখতে পর্যাপ্ত ট্যাংক নির্মাণ করতে হবে।
- ☞ কি পরিমাণ পানি উত্তোলন করা হচ্ছে এবং কি প্রয়োজনে কি পরিমাণ পানি ব্যবহার করা হচ্ছে এর দৈনিক, মাসিক ও বার্ষিক হিসাব রেজিস্টারে রেকর্ড রাখতে হবে।
- ☞ ভূগর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে আনতে ভূপৃষ্ঠের উপরিভাগের উৎস হতে ও পুনঃব্যবহার করা যায় এরূপ উৎস হতে ব্যবহার্য পানি সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ☞ পানির অপচয় রোধকল্পে সুবিধাজনক সরঞ্জামাদি স্থাপন করতে হবে, পানির লাইন ও সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ করতে হবে, পরিশোধিত পানির পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে এবং সকল কর্মীগনকে পানির অপচয় রোধে সচেতন করে তুলতে হবে।

প্রনয়নকারীঃ

অনুমোদনকারী,

.....
 এ.কে.এম জহিরুল হক
 জি এম (এডমিন, কমপ্লায়েন্স এন্ড এইচআর)

.....
 (সৈয়দ নাজমুল হাসান)
 ব্যবস্থাপনা পরিচালক